গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.৩১.২৭.১৮-20

তারিখ : ০৬ মাঘ ১৪২৬ ব:
২০ জানুয়ারি ২০২০ খ্রি:

বিষয় : "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৫ম সভা গত ০৭ জানুয়ারি ২০২০ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মো: শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

20/01/2020
(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৪৫২৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৫. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর , আগারগাঁও, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (বহিরাগমন ও পাসপোর্ট), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা ।
১০. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. পরিচালক (ডাটা সেন্টার ও সিস্টেম), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
১৫. পরিচালক, (প্রশাসন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

"বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ৩৭ জানুয়ারি ২০২০ |
| সময় | : | বেলা ১১.৩০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রচলিত বিধি-বিধান, ডিপিপি, এতদসংক্রান্ত সম্পাদিত চুক্তি ইত্যাদির আলোকে যথাযথভাবে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:

গত ১৩/৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কারো আপত্তি নেই মর্মে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা:

স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় যা- নিম্নরূপ:

| ক্রমিক | ৪র্থ সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা আহ্বান করা। | এ বিষয়ে বিভিন্ন কমিটি গঠন করে দেয়া হয়েছে। কমিটিসমূহের কাজের অগ্রগতি মাননীয় মন্ত্রীকে অবহিত করা হবে। |
| ২. | ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে সার্বক্ষণিক পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা। | যোগাযোগ অব্যাহত আছে বলে প্রকল্প পরিচালক অবহিত করেন। |
| ৩. | উদ্বোধনের ০১ সপ্তাহ পূর্বে মন্ত্রণালয়, ডিআইপি এবং ভেরিডোজ জিএমবিএইচ এর প্রতিনিধি সমন্বয়ে একটি সেমিনার/ প্রেস ব্রিফিং এর আয়োজন করা। | এ বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। |
| ৪. | উদ্বোধনের আগে স্টিয়ারিং কমিটির পরবর্তী সভা ই-পাসপোর্ট ভবনে করা। | সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৫. | চেঞ্জ রিকুয়েস্টএর বিষয়সমূহ, বিল সংক্রান্ত বিষয়সমূহ, FAT/PSI/QAইত্যাদি সহ স্টিয়ারিং কমিটির ৪র্থ সভায় উপস্থাপনকৃত সকল বিষয় পিআইসি সভায় আলোচনা করে সুনির্দিষ্ট মতামতসহ পরবর্তী সভায় উপস্থাপন করা। | গত ০৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভায় আলোচনা হয়েছে। |
| ৬. | Clearing & ForwardingAgent (C&F)এর বকেয়া ২,২৪,২১,৬৭৭/- (দুই কোটি চব্বিশ লক্ষ একুশ হাজার ছয় শত সাতাত্তর) টাকা প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্রমিক | ৪র্থ সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৭. | প্রকল্পের ডিপিপিতে উল্লেখিত সময় মোতাবেক বৈদেশিক মিশনে ই-পাসপোর্ট চালুর বিষয়ে পদক্ষেপ নেয়া। | যথাসময়ে পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৮. | মাইক্রোচীপস বুকলেট, সফটওয়্যার এবং অন্যান্য জিনিসপত্রের টেস্টিং এর জন্য একটি টেস্টিং ল্যাব স্থাপন করা যেতে পারে, যা পরবর্তীতে সংশোধিত প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে। | নির্দেশনা মোতাবেক কার্যক্রম হাতে নেয়া হচ্ছে। |
| ৯. | ই-পাসপোর্টের উপর বুকলেট/লিফলেট এবং টিভিসি প্রস্তুত করে প্রচারের ব্যবস্থা করা।ই-পাসপোর্ট ব্যবহারের অনুসরণীয় শর্তাবলি এবং ই-গেইট ব্যবহারের নিয়মের বিষয়েও টিভি ফিলার করে প্রচারের ব্যবস্থা গ্রহণ। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ১০. | ডিপিপি'র বাইরে কোন কম্পোনেন্টে অতিরিক্ত ব্যয় নাকরা। | নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান আছে। |
| ১১. | ই-পাসপোর্ট সংক্রান্ত ট্যুর/প্রশিক্ষণে পরিকল্পনা কমিশন, আইএমইডি, কার্যক্রম বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা। | এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। |
| ১২ | ই-পাসপোর্ট চালুর পর যাতে কোন সমস্যা উদ্ভব না হয় তা কেন্দ্রীয়ভাবে মনিটর করা। | মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। |

০৩। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা:

প্রকল্প পরিচালক জানান যে, ভেরিডোজ জিএমবিএইচ কর্তৃক প্রস্তাবিত চেঞ্জ রিকুয়েস্ট (সিআর) ১ এর মাধ্যমে বেশ কিছু আইটেমের সংখ্যা বৃদ্ধির বিষয়ে সিআর কমিটি অনুমোদন প্রদান করে। সিআর -০০২ এর মাধ্যমে ২৪৪নং আইটেম 'ক্যামেরা ওয়েবকাম' পরিবর্তন করে SDLR EOS-2000 করা হয়। সিআর-০০৩ এর মাধ্যমে ৩ ও ২৬৯ নং ক্রমিকের আইটেমের মধ্যে মোট ৮৭টি আইটেমের সংখ্যা বৃদ্ধি করা, মডেল-ব্র্যান্ড পরিবর্তন করা সংক্রান্ত প্রস্তাবনা পেশ করা হয়। সিআর কমিটি প্রাথমিক যাচাই-বাছাইঅন্তে ১৮০টি আইটেম অপরিবর্তিত রাখে এবং ২৮টি আইটেমের পরিমান/সংখ্যা বৃদ্ধি করা, উন্নত মডেল/ উন্নত সিস্টেম প্রদান করা সংক্রান্ত প্রস্তাব অনুমোদন করে অবশিষ্ট ৮৭-২৮=৫৯টি আইটেমের সিআর সংক্রান্ত প্রস্তাবনার বিষয়ে সিআর কমিটির আপত্তির প্রেক্ষিতে ভেরিডোজ জিএমবিএইচ এর নিকট যৌক্তিক ব্যাখ্যা চাওয়া হয়। পরবর্তীতে পুন: যাচাইক্রমে সিআর কমিটি ৫৯টি আইটেম অনুমোদনের জন্য সুপারিশ করে। অবশিষ্ট ১৯টি আইটেমের মধ্যে ১৮টি আইটেমের বিষয়ে ভেরিডোজ জিএমবিএইচ আপোষ প্রস্তাব দাখিল করে এবং SL-238 (UPS-Big) নামক আইটেমের জন্য কারিগরি বিবরণসহ পৃথকভাবে সিআর পেশ করে। আপোষ প্রস্তাবনাভুক্ত SL-18 (PKI) ব্যতীত অবশিষ্ট ১৭টি আইটেম এর সিআর অনুমোদন করার জন্য সিআর কমিটি সুপারিশ করে। এ ছাড়া, রিভিশন-৬ এর মাধ্যমে বিভিন্ন আইটেমের সংখ্যা বৃদ্ধিকরণ এবং সিআর-০০৬ এর মাধ্যমে ৫০টি ডেস্কটপ কম্পিউটারের পরিবর্তে ৫০টি ল্যাপটপ ও ডেস্কটপ 3060 এর পরিবর্তে ডেস্কটপ-3070 প্রদানের জন্য ভেরিডোজ জিএমবিএইচ প্রস্তাব করে। উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য সিআর কমিটি সুপারিশ করে। অর্থাৎ বিল অব ম্যাটারিয়েলস (বিওএম) এর আইটেম নং-৩ হতে আইটেম নং ২৬৯ পর্যন্ত মোট ২৬৭টি আইটেমের মধ্যে আইটেম নং ১৮ (পিকেআই) এবং আইটেম নং-২৩৮ (ইউপিএস-বিগ) ব্যতীত অবশিষ্ট আইটেমসমূহের চেঞ্জ রিকুয়েস্ট প্রস্তাবনা অনুমোদন করার জন্য সিআর কমিটি সুপারিশ করে। ১৮নং আইটেমের চেঞ্জ রিকুয়েস্ট সিআর কমিটি কর্তৃক গৃহীত হয় নি। ২৩৮নং আইটেমের চেঞ্জ রিকুয়েস্ট আরো যাচাই-বাছাই করার জন্য সিআর কমিটি সুপারিশ করে। দৈবচয়ন পদ্ধতিতে কয়েকটি আইটেমের চেঞ্জ রিকুয়েস্ট প্রস্তাবনা সভায় উপস্থাপন করা হয়। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানান যে, চুক্তিভুক্ত বেশ কিছু সংখ্যক আইটেমের উন্নত ভার্সন প্রদানের জন্য ভেরিডোজ জিএমবিএইচ প্রস্তাব করেছে। কিছু ক্ষেত্রে কাজ সহজতর করার জন্য গুনগত মান ঠিক রেখে আইটেমের পরিমান / সংখ্যা বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে। চেঞ্জ রিকুয়েস্টের ফলে প্রকল্পের সার্বিক মূল্যের কোন পরিবর্তন হবে না বলে তিনি জানান। প্রযুক্তি পরিবর্তনশীল হওয়ায় এ জাতীয় চেঞ্জ রিকুয়েস্ট আসছে এবং তা যৌক্তিক বলেও তিনি উল্লেখ করেন। আলোচনায় অংশ নিয়ে অর্থ বিভাগের প্রতিনিধি, এ জাতীয় চেঞ্জ রিকুয়েস্ট প্রকল্প দলিল সমর্থন করে কি-না তা জানতে চান। আলোচ্য ২৬৭টি আইটেমের তালিকা সিপিটিইউ এ প্রেরণ করে তার উপর মতামত নেয়া যেতে পারে বলে অর্থ বিভাগ এবং আইএমইডি'র প্রতিনিধি জানান। এ বিষয়ে সিপিটিইউ থেকে ইতিপূর্বে মতামত নেয়া হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান।

০৪। <u>ভেরিডোজ জিএমবিএইচ এর বিল পরিশোধ সংক্রান্ত:</u>

প্রকল্প পরিচালক জানান যে, ভেরিডোজ জিএমবিএইচ সকল ক্ষেত্রে ৬৫% ইনস্টলেশন চার্জ শিপমেন্ট ও ইনভয়েস এর মাধ্যমে গ্রহণ করতে আগ্রহী। এ ক্ষেত্রে আরপিও এবং বৈদেশিক মিশনের জন্য অপারেশনাল টেস্টিংয়ের পরে ৮৫% বিল পরিশোধের প্রস্তাবে ভেরিডোজ জিএমবিএইচ অসম্মতি জ্ঞাপন করে। বিদ্যমান চুক্তি ও এলসি অনুযায়ী তারা বিল প্রাপ্য বলে প্রকল্প পরিচালক জানান। প্রকল্পের যন্ত্রপাতি বৈদেশিক মিশনসহ সকল অফিসে স্থাপনের পূর্বে বিল পরিশোধ করা হলে সমস্যার উদ্ভব হতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। এ বিষয়ে ০৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভায় শিপিং ডকুমেন্ট ও ইনভয়েস এর শর্তাবলি পূরণসাপেক্ষে ৬৫% বিল পরিশোধ করা, বৈদেশিক মিশনে যন্ত্রপাতি ইনস্টলেশনের ক্ষেত্রে রিজিয়ন ভিত্তিক কাজ সম্পন্ন করার বিষয়ে ভেরিডোজ জিএমবিএইচ এর সাথে আলোচনা করা এবং অগ্রাধিকার ভিত্তিতে বৈদেশিক মিশন ও আরপিওতে একই সঙ্গে কাজ শুরু করার বিষয়ে সিদ্ধান্ত হয়। প্রকল্প পরিচালক আরো জানান যে, কারিগরি বিবরণীর অসামঞ্জস্যতা, প্রস্তুতকারক/মডেল এর ভিন্নতা, ফ্যাক্টরি এঁকসেপ্টেনস টেস্ট (এফএটি), প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ব্যতীত ডেলিভারি, ইনস্টলেশন চার্জ দাবী ইত্যাদি কারণে ভেরিডোজ জিএমবিএইচ এর কয়েকটি বিল পরিশোধ করা বিলম্বিত হয়। এ বিষয়ে পিআইসি সভায় কান্ট্রি ক্লজ ও কান্ট্রি অব অরিজিন সংক্রান্ত ব্যত্যয়ের ক্ষেত্রে কান্ট্রি অব অরিজিন সনদ প্রস্তুতকারক/সংশ্লিষ্ট দেশের বণিক সমিতি (Ministry of Commerce) হতে গ্রহণ করা এবং যন্ত্রপাতি / সাজ-সরঞ্জাম জাহাজিকরণের ০১ মাস পূর্বে সংশ্লিষ্ট মালামালের তালিকা প্রেরণ করা ইত্যাদি সিদ্ধান্ত কার্যকর রয়েছে বলেও সভাকে অবহিত করা হয়।

০৫। <u>ই-পাসপোর্টে ব্যবহৃত চিপ নিরীক্ষণ প্রসঙ্গে:</u>

প্রকল্প পরিচালক জানান যে, Contactless Chip ই-পাসপোর্টের অত্যন্ত জরুরি অংশ। এতে ডাটা/রেকর্ড লিপিবদ্ধ থাকে। এটির গুনগত মান সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য একটি অভিজ্ঞ কারিগরি দল কর্তৃক চিপ প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট চিপের মান নিশ্চিতকরণের বিষয়ে পিআইসি সুপারিশ করেছে মর্মে সভাকে অবহিত করা হয়।

০৬। <u>IAI মেশিন গ্রহণ করা সংক্রান্ত:</u>

প্রকল্পের গুরুত্বপূর্ণ সরঞ্জামাদি জাহাজিকরণের পূর্বে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন করা অত্যাবশ্যক। ১ম, ২য় ও ৩য় IAI মেশিনের ক্ষেত্রে তা করা হলেও ৪র্থ ও ৫ম মেশিনের ক্ষেত্রেকরা হয় নি। বিল পরিশোধের ক্ষেত্রে পিএসআই ডকুমেন্ট অথবা কোয়ালিটি এসিউরেন্স সার্টিফিকেট প্রাপ্তি সাপেক্ষে শিপমেন্ট রিলিজ অর্ডার আবশ্যক। এ বিষয়ে সাইট একসেপ্টেন্স টেস্ট (SAT) শেষে সংশ্লিষ্ট টিম কর্তৃক ভেরিডোজ জিএমবিএইচ-কে প্রদেয় শিপমেন্ট রি লিজ অর্ডার জমা দেয়ার বিষয়ে পিআইসি সুপারিশ করেছে মর্মে সভাকে অবহিত করা হয়।

০৭। <u>সিএন্ডএফ এজেন্টের বিল পরিশোধ করা সংক্রান্ত:</u>

প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মালামাল আমদানির ক্ষেত্রে প্রকল্পের ডিপিপি এবং বিদ্যমান চুক্তিতে সুস্পস্ট নির্দেশনা নেই। এ বিষয়ে জেবিসি নামক সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে প্রকল্পের মালামাল ছাড়করণ করা হচ্ছে। ইতোমধ্যে যথাযথ নিয়ম অনুসরণ করে মেসার্স অগ্রদূত ট্রেডার্স লিমিটেড নামক প্রতিষ্ঠানকে সিএন্ডএফ এজেন্ট নিয়োগ করা হয়েছে। জেবিসি ট্রেডার্স কর্তৃক মে ২০১৯ - নভেম্বর ২০১৯ পর্যন্ত সময়ে মালামাল ছাড়করণ করা বাবদ ২,২৪,২১,৬৭৭/- (দুই কোটি চব্বিশ লক্ষ একুশ হাজার ছয় শত সাতাত্তর) টাকার বিল দাবী করা হয়েছে। পরিকল্পনা কমিশন কর্তৃক সিএন্ডএফ নিয়োগের ব্যাপারে প্রকল্পের অপ্রত্যাশিত খাত থেকে পরিশোধ করার বিষয়ে মতামত প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। এছাড়া, সিপিটিইউ এবং অডিট অফিসের মতামতের ভিত্তিতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৮। প্রকল্পের গুরুত্ব তুলে ধরে সভাপতি ডিপিপি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়নের বিষয়ে আন্তরিকতার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০৯। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(৯.১) ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভা আহবান করা;

(৯.২) উদ্বোধনের পূর্বে ১৯ জানুয়ারি ২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগ, ডিআইপি এবং ভেরিডোজ জিএমবিএইচ এর প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে প্রেস ব্রিফিং এর আয়োজন করা;

(৯.৩) চেঞ্জ রিকুয়েস্ট কমিটি কর্তৃক সুপারিশকৃত আইটেমসমূহের বিভিন্ন প্রকার চেঞ্জ এর বিষয়ে সিপিটিইউ'র মতামত গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(৯.৪) শিপিং ডকুমেন্ট ও ইনভয়েস এর শর্তাবলি পূরণ সাপেক্ষে ৬৫% ইনস্টলেশন চার্জ পরিশোধ করা সংক্রান্ত পিআইসি'র সিদ্ধান্ত এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

(৯.৫) যন্ত্রপাতি ইনস্টলেশনের ক্ষেত্রে ভেরিডোজ জিএমবিএইচ এর সাথে আলোচনা সাপেক্ষে বৈদেশিক মিশন ও আরপিওসমূহে অগ্রাধিকার ভিত্তিতে একই সঙ্গে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা;

(৯.৬) একটি অভিজ্ঞ কারিগরি দল কর্তৃক চিপ প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট চিপের গুনগত মান নিশ্চিত করা;

(৯.৭) সিপিটিইউ এবং অডিট অফিসের মতামতের ভিত্তিতে বিধি মোতাবেক সিএন্ডএফ এজেন্ট সংক্রান্ত বিল পরিশোধ করা।

১০। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

০৭ জানুয়ারি ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৫ম সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মোহাম্মদ আজহারুল হক<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01711567052 | [signature] 7/1/20 |
| ২। | মেজর [illegible]<br>[illegible] | DIP | 01733393330 | [signature] 7/1/20 |
| ৩। | ব্রিগেডিয়ার জেনারেল<br>সাইদুর রহমান খান<br>প্রকল্প পরিচালক | ই. পাসপোর্ট প্রকল্প | 01769566666 | [signature] 7/1/2020. |
| ৪। | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | SSD | ০১৭১৫০৫৪৮৯১ | [signature] ০৭.১.২০২০ |
| ৫। | মো: আনোয়ারুর রহমান<br>যুগ্ম সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01715008830 | [signature] 7.01.20 |
| ৬। | মো: মনজারুল মান্নান<br>যুগ্ম সচিব, | অর্থ বিভাগ | 01711970906 | [signature] 7.01.2020 |
| ৭। | মো: [illegible]<br>মহাপরিচালক (কন্ট্রোলার) | পরিকল্পনা মন্ত্রণালয় | 01733444005 | [signature] 7.01.2020 |
| ৮। | আব্দুল্লাহ আল মামুন<br>নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01817549413 | [signature] 07/01/2020 |
| ৯। | মো: সাইফুল ইসলাম<br>পরিচালক | আইএমইডি | [illegible] | [signature] 07/01/2020 |
| ১০। | ড. মো: জহিরুল ইসলাম<br>সিনিয়র সহকারী প্রধান | আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশন | 01304729285 | [signature] 07.01.2020. |
| ১১। | মোহাম্মদ মনিরুজ্জামান<br>সহকারী প্রধান | সুরক্ষা সেবা বিভাগ | 01875001302 | Moni 07.01.2020 |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২। | [illegible]<br>সিঃ সহঃ প্রধান | প্রকৌবি | ০১৭১৬৩২<br>৩৮৩৮ | [signature] |
| ১৩। | Major Md Kamrul Hasan | e-Passport Project | 01769050259 | [signature] |
| ১৪। | Lt Col Mostafa Zaman Azam | e. Passport | 01769050299 | [signature] |
| ১৫। | Col Najm Us Sakib | e-Passport | 01769050296 | [signature] |
| ১৬। | Md. Shihab uddin Khan, Director | DIP | 9134011 | [signature] |
| ১৭। | সহকারী প্রোগ্রামার [illegible]<br>[illegible] | | 01727202764 | [signature] |
| ১৮। | | | | |
| ১৯। | | | | |
| ২০। | | | | |
| ২১। | | | | |
| ২২। | | | | |
| ২৩। | | | | |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |